

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০১৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সাহাবায়ি কিরাম (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

ٱلْفَصْلُ الثَّنفْ (بَابِ مَنَاقِبِ الصَّحَابَة)

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُ اللَّهُ فِي أَصْحَابِي لَا تَتَّخِذُوهُمْ غَرَضًا مِنْ بَعْدِي فَمَنْ أَحَبَّهُمْ فَبِحُبِّي أَحَبَّهُمْ وَمَنْ أَبْغَضَهُمْ فَوَدْ آذَاهُمْ فَقَدْ آذَانِي وَمَنْ آذَانِي فَقَدْ آذَى اللَّهَ وَمَنْ آذَى اللَّهَ فَيُوشِكُ فَبِهُمْ عَرَضَهُمْ وَمَنْ آذَاهُمْ فَقَدْ آذَانِي وَمَنْ آذَانِي فَقَدْ آذَى اللَّهَ وَمَنْ آذَى اللَّهَ فَيُوشِكُ أَنْ يَأْخُذَهُ» . رَوَاهُ البَّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (3862) \* عبد الرحمن بن زیاد اختلفوا فی اسمه ولم یوثقه غیر ابن حبان وهو مجهول الحال ولم یثبت عن الترمذی بانه قال فی حدیثه : حسن : وقال البخاری : فیم نظر (التاریخ الکبیر 5 131 ت 389) ۔ (ضَعِیف)

#### বাংলা

৬০১৪-[৮] 'আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহকে ভয় কর, আল্লাহকে ভয় কর আমার সাহাবীদের ব্যাপারে। আমার (ওফাতের পরে তাদেরকে সমালোচনার পাত্র বানিও না। যে লোক তাদেরকে ভালোবাসে, সে আমার মুহাব্বাতেই তাদেরকে মুহাব্বাত করল। পক্ষান্তরে যে লোক তাদের প্রতি ঘৃণা ও শক্রতা রাখে, সে আমার প্রতি ঘৃণা ও শক্রতা রাখল। আর যে লোক তাদেরকে দুঃখ বা কষ্ট দিল, সে মূলত আমাকেই কষ্ট দিল। অতএব যে আল্লাহ তা'আলাকে কষ্ট দিল, আল্লাহ তা'আলা তাকে শীঘ্রই পাকড়াও করবেন। [ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব]

## ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩৮৬২, য'ঈফুল জামি ১১৬০, য'ঈফাহ ২৯০১, শুআবূল ঈমান ১৫১১, মুসনাদে আহমাদ



२०१७४।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (اللَّهُ اللَّهُ فِي أَصْحَابِي) উক্ত হাদীসে রাসূলুল্লাহ (সা.) সাহাবীদের প্রতি চরম শ্রদ্ধাশীল হওয়ার জন্য উৎসাহ প্রদান করেছেন। কোন ক্রমেই যেন তাদের সম্মান এতটুকুও নষ্ট না হয় এজন্য দু'বার 'আল্লাহ' শব্দটি উল্লেখ করেছেন। অতএব (اللَّهُ اللَّهُ) এ কথার অর্থ হলো, (اتَّقِ اللَّهَ اللَّهَ اللَّهُ وَيَ اللَّهُ الللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّهُ اللللهُ اللللهُ اللللهُ الللهُ اللهُ اللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الل

ا تَتَّخِذُوهُمْ غَرَضًا مِنْ بَعْدِي))অর্থাৎ, আমার মৃত্যুর পর তোমরা তাদের সমালোচনা করবে না। তাদেরকে অপবাদ দিবে না তাদের ব্যাপারে মন্দ কথা ও ঘৃণা ছড়াবে না। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন